বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ

টেলিফোন ঃ ৯৫৭৫৬২২ (DGM)
ঃ ৯৫৭২২৫৫ (RTGS)
ই-মেইল ঃ rtgs@krishibank.org.bd
dgmtreasury@krishibank.org.bd

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/৬৬৭

তারিখ: ০৬.০৪.২০১৭

উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পো: শাখা
সকল শাখা ব্যবস্থাপক(অনলাইন শাখা)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ RTGS ব্যবহারের মাধ্যমে কাস্টমস শুল্ক-করাদি পরিশোধের লক্ষ্যে কাস্টমস ই-পেমেন্টের পাইলটিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ২০.০৩.২০১৭ তারিখে বাংলাদেশ ব্যাংকের পেমেন্ট সিস্টেম ডিপার্টমেন্ট হতে প্রেরিত ই-মেইলবার্তা নং:পিএসডি/৬৪(১)/২০১৭-৬৪৬, এর প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো। উল্লেখ্য ই-মেইল বার্তাটি প্রাপ্তির পর অত্র ব্যাংকের সকল অন-লাইন শাখার অবগতির জন্য ২২.০৩.২০১৭ তারিখে ফরোয়ার্ড করা হয়েছে।

০২। জাতীয় রাজস্ব বোর্ডকে দক্ষ, কার্যকর ও এর সেবাকে আন্তর্জাতিক মানে উন্নীত করার লক্ষ্যে কাস্টম ব্যবস্থাপনায় এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম চালু করা হয়েছে। এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম এর আওতায় ব্যবসায়ী তথা আমদানীকারক-রপ্তানীকারকগণকে অধিকতর সেবা প্রদানের লক্ষ্যে ই-পেমেন্ট চালুর উদ্যোগ নেয়া হয়েছে যা সোনালী ব্যাংকের অন-লাইন সিস্টেমে সম্পৃক্ত হয়ে সরাসরি শুল্ক-করাদি পরিশোধ করা যাবে মর্মে বর্ণিত ই-মেইল বার্তায় উল্লেখ করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ড এর সিদ্ধান্ত মোতাবেক ২০.০৩.২০১৭ তারিখ হতে পাইলটিং কার্যক্রম হিসাবে কেবল মাত্র আইসিডি কাস্টম হাউজ কমলাপুর, ঢাকা এর এ্যাসেসমেন্টকৃত বিল অব এন্ট্রির বিপরীতে প্রযোজ্য শুল্ক-করাদি RTGS ব্যবহার করে পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

০৩। এখন হতে বাংলাদেশ কৃষি ব্যাংকের RTGS এর আওতাধীন সকল শাখা তাদের গ্রাহকগণকে উল্লেখিত সেবা প্রদান করতে পারবে। এজন্য RTGS Software এর Transection menu তে FI To FI Customs Duty Credit Transfer (Pacs.008) নামে একটি Sub-menu সংযোজন করা হয়েছে, যার মাধ্যমে শাখা সমূহ কাস্টমস ডিউটি পরিশোধ সংক্রান্ত লেনদেন করতে পারবে।

০৪। গ্রাহকদের সুবিধার্থে একটি RTGS CUSTOMS DUTY PAYMENT INSTRUCTION FORM এতদসংগে প্রেরণ করা হলো। এক্ষেত্রে প্রতিটি আউটওয়ার্ড লেনদেন পরিচালনার জন্য ১০০/-(একশত টাকা) কমিশন ও ভ্যাট ১৫/- (প্রযোজ্য হারে) টাকা যা গ্রাহকের হিসাব হতে স্বয়ংক্রিয় ভাবে কর্তনযোগ্য হবে। উল্লেখ্য, CUSTOMS DUTY পরিশোধ সংক্রান্ত লেনদেনে টাকার পরিমাণ যে কোন অংকের হতে পারবে। সংশ্লিষ্ট বিষয়টি গ্রাহকগণকে অবহিত করতে হবে এবং এ বিষয়ে শাখার কোন সংশয় থাকলে সেক্ষেত্রে নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করা যেতে পারে।

ট্রেজারী ম্যানেজমেন্ট বিভাগ
বিকেবি,প্রধান কার্যালয়, ঢাকা
RTGS কক্ষ নং:৬০৫
টেলিফোন নম্বর: ৯৫৭২২৫৫
পি এ বিএক্স নম্বর: ৯৫৫৩০৩১-৩৫/৪৪২
ই-মেইল: RTGS@krishibank.org.bd

অনুমোদনক্রমে

(মো: আবদুস সোবহান)
উপ-মহাব্যবস্থাপক

---

নং:প্রকা/টিএমডি(RTGS)/প্রশা-১৭/২০১৬-১৭/ ৬৬৭

তারিখ: ০৬.০৪.২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়গণের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর / অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫। সকল উপ- মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক। উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন আইসিটি সিস্টেমস,কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হল।
৬। সকল মুখ্য/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। নথি/মহানথি।

০৬.০৪.১৭

(মো: আতিকুর রহমান)
ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা